গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd



স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.১২৭.১৮.০০০৪.২৬.২৫৯

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩
১১ নভেম্বর ২০২৬

বিষয়: **মোবাইল কোর্টে ব্যবহারের লক্ষ্যে ডাবল-কেবিন পিক-আপ/উপযুক্ত যানবাহন অর্গানোগ্রামে অন্তর্ভুক্তকরণ ও ক্রয়।**
সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন শাখার ১৯ অক্টোবর ২০২৬ তারিখের ৩২২ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটির ছায়ালিপি প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি।

সংযুক্তিঃ
(১) জনপ্রশাসন মন্ত্রণালয়-৩২২

১১-১১-২০২৬
মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব
ফোন : ০২-৯৫১২২৩১
ইমেইল : adminsection6@mohpw.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
২। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৩। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
৪। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৫। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
৬। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ।
৭। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৮। পরিচালক, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর।
৯। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট।
১০। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর।
১১। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।
১২। চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
১৩। চেয়ারম্যান, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট।
১৪। চেয়ারম্যান, বরিশাল উন্নয়ন কর্তৃপক্ষ, বরিশাল।
১৫। চেয়ারম্যান, ময়মনসিংহ উন্নয়ন কর্তৃপক্ষ, বরিশাল।
১৬। চেয়ারম্যান, নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ।
১৭। চেয়ারম্যান, কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ, কুমিল্লা।

১৮। চেয়ারম্যান, রংপুর উন্নয়ন কর্তৃপক্ষ, রংপুর।
১৯। পরিচালক, প্রশাসন শাখা, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর।
২০। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.১২৭.১৮.০০০৪.২৬.২৫৯/১ (২)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩
১১ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব-এর একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২। ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ-১, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

১১-১১-২০২৬
মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.০০০.১২১.৩৪.০০০৫.২১.৩২২

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

বিষয়ঃ মোবাইল কোর্টে ব্যবহারের লক্ষ্যে ডাবল-কেবিন পিক-আপ/উপযুক্ত যানবাহন অর্গানোগ্রামে অন্তর্ভুক্তকরণ ও ক্রয়।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৫২০.৯৯.০০০১.২৫.৩৮, তারিখঃ ১৩ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মোবাইল কোর্টের কার্যকারিতা অধিকতর বৃদ্ধিকল্পে তার আওতাধীন দপ্তর/সংস্থায় নিয়োজিত মোবাইল কোর্টের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সহায়ক কর্মচারী ও ফোর্স বহনের উপযোগী ০১ (এক) টি ডাবল-কেবিন পিক-আপ/উপযুক্ত যানবাহনের প্রয়োজনীয়তা নিরূপনপূর্বক অর্গানোগ্রামে অন্তর্ভুক্তকরণ ও ক্রয়ের লক্ষ্যে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সচিবের দপ্তর
৫১১২-২৭/১০/২৫

মোঃ ইসমাইল হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৫৪৫
ই-মেইল: admintrans@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/~~বিভাগ~~

নম্বর-০৫.০০.০০০০.০০০.১২১.৩৪.০০০৫.২১.৩২২

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়;
০২। যুগ্মসচিব (পরিবহন ও মুদ্রণ), জনপ্রশাসন মন্ত্রণালয়;
০৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];
০৪। অফিস কপি।

মোঃ ইসমাইল হোসেন
সিনিয়র সহকারী সচিব

১৪৭৭

প্রশাসন অধিশাখা-৩
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৫/৬
সিস্টেম এনালিস্ট/হিসাব শাখা
প্রশাসনিক/ব্যাডিগত কর্মকর্তা
ডাইরি নং- তারিখ-
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

মোবাইল কোর্টের কার্যকারিতা অধিকতর বৃদ্ধিকল্পে প্রণীত সুপারিশমালা পর্যালোচনা ও বাস্তবায়ন বিষয়ক ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তারেক রহমান এম.পি
প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তারিখ : ৪ অক্টোবর ২০২৬, রবিবার;
সময় : দুপুর ২.০০ টা;
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-৪০০);
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মো: ইসমাইল জবিউল্লাহ, উপদেষ্টা, জনপ্রশাসন মন্ত্রণালয় বলেন যে, দেশের সামগ্রিক প্রেক্ষাপটে আইনের কার্যকর প্রয়োগ এবং জনশৃঙ্খলা রক্ষায় মোবাইল কোর্ট ইতোমধ্যে একটি অপরিহার্য আইনী ব্যবস্থা হিসেবে স্বীকৃতি লাভ করেছে। প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে, মোবাইল কোর্টের কার্যকারিতা অধিকতর বৃদ্ধিকল্পে সুপারিশ প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ৮ জুলাই ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৫০ এর মাধ্যমে তাঁকে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্যপরিধি হচ্ছে: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার আওতায় পরিচালিত মোবাইল কোর্ট সংক্রান্ত আইনগত, নীতিগত ও প্রাতিষ্ঠানিক প্রতিবন্ধকতা চিহ্নিত করে তা উত্তরণে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সুপারিশ প্রণয়ন এবং মোবাইল কোর্টের সহায়ক পরিচালনা ব্যবস্থা, উপকরণ ও আনুষঙ্গিক সহায়তা নিশ্চিতকরণে সুপারিশ প্রণয়ন। কমিটি বিভিন্ন সভায় মিলিত হয়ে কার্যপরিধিভুক্ত বিষয়াদি বিস্তারিত পর্যালোচনা করে। কমিটির কাজে সহায়তার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেসি অধিশাখার যুগ্মসচিব-কে আহবায়ক করে একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়। ওয়ার্কিং কমিটিও স্বতন্ত্রভাবে একাধিক সভা অনুষ্ঠান করে এবং খসড়া সুপারিশমালা প্রস্তুতসহ কমিটির কাজে সার্বিকভাবে সহযোগিতা করে। কমিটি ১৭ আগস্ট ২০২৬ তারিখে প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে মোট ২৪ (চব্বিশ) টি সুপারিশ রয়েছে। প্রতিবেদনে কার্যপরিধির সাথে সামঞ্জস্য রেখে বিষয়ভিত্তিক পর্যালোচনা, সুনির্দিষ্ট সুপারিশমালা, সুপারিশ বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা এবং সম্ভাব্য বাস্তবায়নকাল উল্লেখ করা হয়েছে।

অত:পর তিনি সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ হুমায়ুন কবির এবং জেলা ম্যাজিস্ট্রেসি অধিশাখার যুগ্মসচিব জনাব তানভীর আহমেদকে বিস্তারিত উপস্থাপনার জন্য অনুরোধ জানান। কমিটি কর্তৃক প্রণীত সুপারিশমালা সভায় উপস্থাপন করা হয় এবং বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	**মোবাইল কোর্টের জন্য প্রয়োজনীয় যানবাহন ক্রয়:** মোবাইল কোর্টের জন্য স্বতন্ত্র কোনো যানবাহন নেই। সংশ্লিষ্ট অফিসের নিয়মিত যানবাহন দিয়ে অভিযান পরিচালনা করা হয়। এতে করে অভিযান পরিচালনায় প্রায়শ ব্যাঘাত ঘটে। কমিটি মোবাইল কোর্ট ম্যাজিস্ট্রেট, সহায়ক কর্মচারী ও সংগীয় ফোর্স বহনের উপযোগী নিয়মিত (dedicated) যানবাহন ক্রয়ের সুপারিশ করে। পার্বত্য/দুর্গম এলাকার জন্য ফোর-হুইল ড্রাইভ এবং জলবেষ্টিত এলাকার জন্য নৌযান ক্রয়ের সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত	১.১। 'এ' ক্যাটাগরির প্রতিটি জেলার জন্য ২টি এবং অন্যান্য জেলা ও ক্ষেত্রমত দপ্তর-সংস্থার জন্য ১টি করে মোবাইল কোর্ট ম্যাজিস্ট্রেট, সহায়ক কর্মচারী ও ফোর্স বহনের উপযোগী ডাবল-কেবিন পিক-আপ/উপযুক্ত যানবাহন অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত করে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। জলবেষ্টিত এলাকার জন্য প্রয়োজনীয়তা নিরূপন করে উপযুক্ত নৌযান ক্রয় করতে হবে। ১.২। সমাপ্ত প্রকল্পের ফেরত প্রদানকৃত যানবাহনসমূহ থেকে উপযুক্ত যানবাহন পাওয়া গেলে	জনপ্রশাসন মন্ত্রণালয়

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	আলোচনা হয়। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বিভিন্ন সময়ে সমাপ্ত প্রকল্পের যানবাহন মোবাইল কোর্টে ব্যবহারের সম্ভাব্যতা যাচাইয়ের বিষয়ে মত প্রকাশ করেন।	সেগুলো এ উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে পরীক্ষান্তে ব্যবস্থা গ্রহণ করবে।	
২	**টেস্টিং কিট সরবরাহ ও ভ্রাম্যমাণ ল্যাব নির্মাণ:** মোবাইল কোর্টে ভেজাল, নকল, আইন নিষিদ্ধ বস্তু ও পণ্যের গুণগত মান যাচাইয়ে প্রায়ই কারিগরি পরীক্ষার প্রয়োজন হয়। কিন্তু টেস্টিং কিটের পর্যাপ্ত সরবরাহ ও ল্যাব সুবিধা না থাকায় অনেক সময় সকল আইনে চাহিদামাফিক মোবাইল কোর্ট করা যায় না। কমিটি মাঠপর্যায়ে টেস্টিং কিট সরবরাহ ও কারিগরি পরীক্ষার সুবিধাসম্পন্ন ভ্রাম্যমাণ ল্যাবরেটরি নির্মাণ করে আন্তঃসংস্থা ব্যবহারের সুযোগ প্রদানের সুপারিশ করেছে। প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় বলেন যে, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ইতোমধ্যে ভ্রাম্যমাণ ল্যাব নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে। এতদসংক্রান্ত একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে মর্মে সচিব, খাদ্য মন্ত্রণালয় সভাকে অবহিত করেন। মন্ত্রিপরিষদ সচিব ল্যাবসমূহ আন্তঃসংস্থা ব্যবহারের সুযোগ সৃষ্টির বিষয়ে গুরুত্বারোপ করেন।	২.১। সংশ্লিষ্ট দপ্তর-সংস্থাসমূহ মোবাইল কোর্টের তফসিলভুক্ত আইনের আলোকে কি ধরণের টেস্টিং কিট প্রয়োজন হয়, তার তালিকা প্রস্তুত করে ক্রয় এবং মাঠ পর্যায়ে সরবরাহ নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ২.২। প্রতিটি বিভাগে একটি করে কারিগরি পরীক্ষার সুবিধাসম্পন্ন ভ্রাম্যমান ল্যাব এবং সরকারি মালিকানাধীন ভূমি/ভবন প্রাপ্তি সাপেক্ষে অন্যান্য স্থানে প্রয়োজনীয় ল্যাবরেটরি স্থাপন করতে হবে এবং এক সংস্থা কর্তৃক নির্মিত ল্যাব অন্য দপ্তর-সংস্থা যাতে প্রয়োজনবোধে ব্যবহার করতে পারে, তা নিশ্চিত করতে হবে। এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর-সংস্থা পারস্পরিক সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। মন্ত্রিপরিষদ বিভাগ বিষয়টি সার্বিক সমন্বয় করবে।	মন্ত্রিপরিষদ বিভাগ; সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর-সংস্থা
৩	**নিরাপত্তা ও সুরক্ষা সামগ্রীর সরবরাহ:** মাদক-জুয়া, অবৈধ বালু উত্তোলন, পাহাড় কর্তন, অবৈধ ইটভাটা, সিন্ডিকেট ও সংঘবদ্ধ অপরাধবিরোধী ঝুঁকিপূর্ণ অভিযানসমূহে নিরাপত্তা ও সুরক্ষা সামগ্রীর প্রয়োজনীয়তা রয়েছে। পর্যাপ্ত নিরাপত্তা এবং প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রীর ঘাটতি থাকায় বা ব্যবস্থাপনাগত ত্রুটির কারণে ইতোপূর্বে মোবাইল কোর্টের কর্মকর্তা-কর্মচারীগণ শারীরিক ক্ষতি ও দুর্ঘটনার সম্মুখীন হয়েছেন। কমিটি মোবাইল কোর্ট পরিচালনাকারী ম্যাজিস্ট্রেট, সহায়ক ফোর্স ও কর্মচারীদের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ও সুরক্ষা সামগ্রী প্রদানের সুপারিশ করেছে। উপস্থিত সদস্যবৃন্দ সুপারিশের বিষয়ে সহমত পোষণ করেন।	জেলা প্রশাসকের কার্যালয় এবং সংশ্লিষ্ট দপ্তর-সংস্থাসমূহ মোবাইল কোর্ট পরিচালনাকারী ম্যাজিস্ট্রেট, সহায়ক ফোর্স ও কর্মচারীদের জন্য প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী, যেমন: বডি-ওর্ন ক্যামেরা, বুলেটপ্রুফ ভেস্ট বা জ্যাকেট, চেস্ট গার্ড, হেলমেট, লাইফ জ্যাকেট, রেইন কোট, হ্যান্ড মাইক, প্রাথমিক চিকিৎসা কিট, ইত্যাদি ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়; সংশ্লিষ্ট দপ্তর-সংস্থা; জেলা প্রশাসক (সকল)
৪	**ভিডিও ধারণ, সাক্ষ্য-প্রমাণ উপস্থাপন এবং জব্দকৃত আলামত সংরক্ষণ:** মোবাইল কোর্টে সাজা প্রদানকৃত প্রতিটি অপরাধ ম্যাজিস্ট্রেটের সম্মুখেই সংঘটিত হয়। তথাপি উপযুক্ত সাক্ষ্য-প্রমাণ উপস্থাপনে দুর্বলতা থাকায় আপিল আদালতে অনেক সময় অপরাধী	৪.১। মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রমের ভিডিও ধারণ করতে হবে এবং প্রয়োজনে আপিল আদালতে সাক্ষ্য হিসেবে উপস্থাপন করতে হবে। ৪.২। মোবাইল কোর্টে জব্দকৃত মালামাল সংরক্ষণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়/দপ্তর-সংস্থাসমূহে	স্বরাষ্ট্র মন্ত্রণালয়; সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ; সংশ্লিষ্ট দপ্তর-সংস্থা;

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	জনসমক্ষে নেতিবাচক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। ফলশ্রুতিতে মোবাইল কোর্টের কার্যকারিতা অনেকাংশে ক্ষুণ্ন হয়। কমিটি মোবাইল কোর্ট আইনের ধারা ৬(১) এবং ৬(৩) এবং ফৌজদারি কার্যবিধির সংশ্লিষ্ট দ্বিতীয় তফসিলের অষ্টম কলাম মোতাবেক পাঁচ বছর পর্যন্ত অপরাধসমূহ প্রথম শ্রেণীর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হওয়ায়, উক্ত মাত্রা পর্যন্ত সাজাযোগ্য অপরাধসমূহ মোবাইল কোর্ট আইনের তফসিলভুক্ত হওয়াতে কোনো আইনগত প্রতিবন্ধকতা না থাকায়, পাঁচ বছর পর্যন্ত সাজাযোগ্য অপরাধসমূহ বিবেচনায় তফসিল সংশোধনের সুপারিশ করেছে। একইসাথে জনস্বাস্থ্য, জননিরাপত্তা, জনশৃংখলা নিশ্চিতকরণ এবং কিশোর গ্যাং প্রতিরোধসহ জনদুর্ভোগ লাঘবে, যে সকল অপরাধ বন্ধে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের আবশ্যকতা রয়েছে, সেগুলো পর্যালোচনা করে তফসিল হালনাগাদ করার সুপারিশ করেছে। বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।		

সভায় অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৩/১০/২০২৬
তারেক রহমান এম.পি
প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
সভাপতি

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫২০.৯৯.০০০১.২৫.৩৮/১(২৫)

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ / ১৩ অক্টোবর ২০২৬

বিতরণঃ অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, [redacted]।

২। মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।